# গণঅভ্যুত্থানের বর্ষপূর্তিতে ৫ আগস্ট সারাদেশে গণমিছিল করবে জামায়াত




সংগৃহীত ছবি

জুলাই অভ্যুত্থানের প্রথম বার্ষিকী উপলক্ষে ৫ আগস্ট সারাদেশে শান্তিপূর্ণ গণমিছিলের ঘোষণা দিয়েছে জামায়াতে ইসলামী। দলটির সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার সকল জেলা ও মহানগর শাখাকে কর্মসূচি সফল করতে প্রস্তুতির আহ্বান জানিয়েছেন।

ঐতিহাসিক জুলাই অভ্যুত্থানের প্রথম বার্ষিকী উপলক্ষ্যে জামায়াতে ইসলামী আগামী মঙ্গলবার, ৫ আগস্ট সারাদেশে গণমিছিল কর্মসূচি পালন করবে। শনিবার (২ আগস্ট) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে দলটির সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এই ঘোষণা দেন।

তিনি বলেন, “পূর্বঘোষিত মাসব্যাপী কর্মসূচির অংশ হিসেবে সকল জেলা ও মহানগর শাখাকে গণমিছিল শান্তিপূর্ণ ও সুশৃঙ্খলভাবে পালনের জন্য প্রস্তুত থাকতে হবে।”

অধ্যাপক পরওয়ার দেশের সব স্তরের নাগরিকদের এই গণমিছিলে অংশগ্রহণের আহ্বান জানিয়ে বলেন, “এটি শুধু রাজনৈতিক কর্মসূচি নয়, বরং জাতীয় স্বার্থে জনগণের অংশগ্রহণ ও চেতনার বহিঃপ্রকাশ।”

LENS ASIA

তিনি সংশ্লিষ্ট প্রশাসনের প্রতি কর্মসূচি নির্বিঘ্ন ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে সহযোগিতা করার অনুরোধ জানান।